



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪ - ২৫১৪


তারিখ: ০৯/৬/২০১৫ খ্রি:।

বিষয়: মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের কারণে বেতন-ভাতা স্থগিত।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের (সংশোধিত) ফেব্রুয়ারী/১৫ মাসের মাসিক অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় প্রকল্পভূক্ত বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় বিতরণকৃত ঋণ খেলাপী ঋণে পরিণত হয়েছে। বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের বেতন-ভাতা সাময়িক ভাবে স্থগিত থাকবে মর্মে স্মারক নং- ১৬৫৬, তারিখ: ১২/০৬/২০১৪ খ্রি: মূলে পত্র জারী করা হয়। উপজেলার মাসিক প্রতিবেদন যাচাইপূর্বক প্রতীয়মান হয়েছে যে, প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ তদারকি ও দায়িত্বে অবহেলার কারণে উপজেলায় বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিণত হয়েছে। এমতাবস্থায় বাবুগঞ্জ উপজেলায় কর্মরত নিম্নোক্ত কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতা প্রতি মাসে নিম্নোক্ত হারে স্থগিত রাখার নির্দেশ প্রদান করা হলো :

ক্রঃ নং	জেলা	উপজেলা	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	মাঠ সংগঠকের নাম	হিসাব সহকারীর নাম	বেতন স্থগিতের হার	মন্তব্য
১	বরিশাল	বাবুগঞ্জ	নুসরাত নওশিন সুবর্ণা	১। উম্মে আসমা ২। রোজিনা খানম ৩। শাহিদা আখতার	মোঃ জাহিদুল ইসলাম	১০%	

২. মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ শতভাগ আদায় সাপেক্ষে স্থগিতকৃত বেতন-ভাতা বকেয়া হিসেবে প্রদান করা যাবে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় না হওয়া পর্যন্ত স্থগিতকৃত বেতন-ভাতা প্রদান করা হলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো,
বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলা: বাবুগঞ্জ, জেলা: বরিশাল।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১ উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
- ০২ প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৩ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো) বিআরডিবি, উপজেলা: বাবুগঞ্জ, জেলা: বরিশাল।
- ০৪ মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ০৫ অফিস কপি।